

# সার্ভারে ক্রটি, কলেজে ভর্তির আবেদনই করতে পারেনি শিক্ষার্থীরা

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ২১:৪৮, ২৬ মে ২০২৪



শিক্ষার্থীরা। ফাইল ছবি।

একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন শুরুর প্রথম দিনেই গলদ! সার্ভার জটিলতায় এসএসসি ও সমমান পাস করা শিক্ষার্থীদের কেউই ভর্তির আবেদন করতে পারেনি।

রবিবার (২৬ মে) দফায় দফায় ওয়েবসাইটে প্রবেশের চেষ্টা করেও আবেদন করা সম্ভব হয়নি। ভোগান্তিতে পড়েছেন অভিভাবক ও শিক্ষার্থীরা। অথচ, এদিন থেকেই কলেজ পর্যায়ে ভর্তির আবেদন শুরু হওয়ার দিনক্ষণ দিয়েছিল শিক্ষাবোর্ড।

আন্তঃশিক্ষা ও ৩ ত্তা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান প্রফেসর তপন কুমার সার্ভার সংক্রান্ত ক্রটিকে দায়ি করেছেন। তার পক্ষ থেকে বার বার সার্ভার ঠিক করার আশ্বাস দেওয়া হলেও শেষমেষ সেটি আর সম্ভব হয়নি।

এ বিষয়ে জানতে চাইলে ৩ ত্তা বোর্ডের চেয়ারম্যান তপন কুমার বলেন, ‘সার্ভার জটিলতায় পড়েছি আমরা। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের টিম এ নিয়ে কাজ করছে। রাত ৮টা থেকে আশা করছি শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

ভুক্তভোগী শিক্ষার্থীরা জানান, চলতি বছর এসএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণদের একাদশ শ্রেণিতে ভর্তির অনলাইন আবেদন শুরুর কথা ছিল রবিবার সকাল ৮টায়। তবে সার্ভার জটিলতায় তা রাত ৯টা পর্যন্তও শুরু করা যায়নি। দফায় দফায় নির্ধারিত ওয়েবসাইটে প্রবেশের চেষ্টা করেও কেউ আবেদন করতে পারেনি।’

ভর্তি নীতিমালা অনুযায়ী, আবেদন শুরু হওয়ার কথা ছিল ২৬ মে সকাল ৮টায়, চলবে ১১ জুন রাত ৮টা পর্যন্ত। ১২-১৩ জুন আবেদন যাচাই-বাছাই ও আপত্তি নিষ্পত্তি এবং পছন্দক্রম পরিবর্তনের সুযোগ দেওয়া হবে। একাদশ শ্রেণিতে এবারো তিন ধাপে আবেদন, ফল প্রকাশ এবং মাইগ্রেশনের পর চূড়ান্ত ভর্তি নেওয়া হবে। নির্বাচিত শিক্ষার্থীরা ১৫-২৫ জুলাই পর্যন্ত ভর্তি হতে পারবে। এরপর ৩০ জুলাই সারাদেশে একযোগে একাদশ শ্রেণিতে ক্লাস শুরু হবে।